

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২১৬.২২.১৫০৫

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৯

০৪ অক্টোবর ২০২২

বিষয়: রিট পিটিশন ৯৫৪৭/২০২২ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব, ঘটনার প্রকৃত বিবরণী এবং সার্টিফাইড কপি প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ৯৫৪৭/২০২২-এর ২৪/০৮/২০২২ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলার সদর উপজেলাধীন ০৭নং পোনাবালিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আবুল বাশার খান ইউনিয়ন পরিষদের মাসিক সভায় আলোচনা বা রেজুলেশন না করে পরিষদের অর্থ আত্মসাৎ করায় স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখার ১৬/০৬/২০২২ তারিখের ৩৬৯নং স্মারকে উক্ত চেয়ারম্যান-কে সাময়িক বরখাস্ত করা হয়। সেপ্রেক্ষিতে পিটিশনার জনাব আবুল বাশার খান সংস্কৃত হয়ে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট ১৮(আঠার) জনকে প্রতিপক্ষ করে ইউপি-১ শাখার উক্ত স্মারককে চ্যালেঞ্জ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ৯৫৪৭/২০২২ রুজু করা হয়েছে। বিজ্ঞ হাইকোর্ট বিভাগ শুনানি শেষে প্রতিপক্ষগণের প্রতি নিম্নোক্ত আদেশ দিয়েছেন:

"Pending hearing of the Rule let the operation of office order vide Memo no.46.00.4200.017.27.001.2020-369 dated 16.06.2022 Issued under signature of the respondent No. 3 be stayed till 21.07.2023"

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৯৫৪৭/২০২২ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্রের দুই সেট সত্যায়িত কাগজপত্র এবং এ রিটের সার্টিফাইড কপি জরুরিভিত্তিতে অনধিক ১৫(পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে চাহিত সকল ডকিউমেন্টস্ প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্ট সকলের ওপর বর্তাবে।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (4266/potrojariAttachmentRef/31575/0/2240)

৫-১০-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়

জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২১৬.২২.১৫০৫/১(৪)

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৯

০৪ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৫-১০-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব